



উন্নয়ন প্রকল্পের ব্যয় কমাতে ব্যবস্থা নেওয়া হয়েছে: প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

উন্নয়ন প্রকল্পের খরচ কমানো এবং অতিরিক্ত ব্যয় ঠেকাতে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান।

বুধবার (৯ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ৩টার দিকে জাতীয় সংসদে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী বলেন, প্রকল্প বাস্তবায়নে মাঠপর্যায়ে নজরদারি বাড়ানোর পাশাপাশি প্রকল্প নেওয়ার আগেই আরও বেশি যাচাই ও নিরীক্ষার ব্যবস্থা করা হচ্ছে। এসব উদ্যোগের মাধ্যমে উন্নয়ন প্রকল্পের ব্যয় বৃদ্ধি নিয়ন্ত্রণে আনার চেষ্টা চলছে।

তিনি জানান, কয়েকটি মেগা প্রকল্পে দুর্নীতির তথ্য পাওয়া গেছে। সেগুলো যাচাই-বাছাই শেষে প্রয়োজন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

তারেক রহমান বলেন, অন্তর্বর্তীকালীন সরকারের সময়ে প্রকাশিত দুর্নীতির শ্বেতপত্রের বিষয়গুলোও সরকার নিরীক্ষা করছে।

গ্যাস কূপ খননের পরিকল্পনা তুলে ধরে প্রধানমন্ত্রী বলেন, ২০৩০ সালের মধ্যে দেশে ১৫০টি গ্যাস কূপ খনন করা হবে।

ভোলার গ্যাস পাইপলাইনের মাধ্যমে মূল গ্যাস সরবরাহ লাইনে যুক্ত করতে প্রায় সাত বছর সময় লাগবে বলেও জানান তিনি। একই সঙ্গে অর্থনীতির পরিধি বাড়াতে ভোলায় শিল্প-কারখানা গড়ে তোলার পরিকল্পনার কথা জানান প্রধানমন্ত্রী।

তিনি আরও বলেন, ২০৪০ সালের মধ্যে দেশের বিদ্যুৎ চাহিদার ৩০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি থেকে পূরণের লক্ষ্য রয়েছে সরকারের।